দৈনিক সংবাদ

তারিখ ...12 MAR 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮

৪

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলাকায় কড়া পুলিশ পাহারা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১১ই মার্চ।–চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও পার্শ্ববর্তী এলাকায় কড়া পুলিশ পাহারা মোতায়েন করা হয়েছে। গতকাল শিবিরের সশস্ত্র হামলার পর আবাসিক এলাকায়

( ৭–এর পাতায় দেখুন )

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

( ১ম পাতার পর )

আতঙ্কের সৃষ্টি হয়েছে।

পুলিশের একটি সূত্র জানায়, গত রাতে প্রায় ৩০/৩৫ জন শিবিরকর্মী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদে সশস্ত্র অবস্থান নিয়েছে — এ মর্মে খবর পাবার পর আজ সকালে পুলিশ ঘটনাস্থলে যাবার আগেই তারা সরে পড়ে।

গতকাল সকালে শিবির হামলা চালায়। এতে ৬ জন আহত হয়।

সূত্র জানায় বিশ্ববিদ্যালয় চত্বরে বহিরাগতদের আনাগোনা আগের চেয়ে অনেক বেড়ে গেছে। পরিস্থিতি অবনতির আশংকায় প্রশাসন আরো পুলিশ মোতায়েন করেছে।

গত ২২শে ডিসেম্বর শিবিরের সশস্ত্র হামলার পর থেকে বিশ্ববিদ্যালয় বন্ধ রয়েছে। হামলায় আহত ছাত্রফ্রন্ট নেতা হুমায়ুন কবির লিটন এখনও মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। আজ তার পায়ে অস্ত্রোপচার হবার কথা ছিল কিন্তু তা হয়নি।

চাকসু ও সর্বদলীয় ছাত্রঐক্য শিবিরের হামলার বিচার দাবী করে বলেছে দেশের সমস্ত শিক্ষাঙ্গনে যখন শান্তিপূর্ণ অবস্থা বিরাজ করেছে, সেই মুহূর্তে শিবিরকর্মীরা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সশস্ত্র অবস্থান নিচ্ছে।

আজ এক বিবৃতিতে নেতৃবৃন্দ অবিলম্বে গত ২২শে ডিসেম্বরের ঘটনার তদন্ত রিপোর্ট প্রকাশ এবং দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করেছেন।